# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩: সবর (ধৈর্যের) বিবরণ

(3) ـ باب الصبر

আরবী

وعنْ عطاءِ بْن أَبي رَباحٍ قالَ : قالَ لِي ابْنُ عبَّاسٍ رضي اللَّهُ عنهُمَا ألا أريكَ امْرَأَةً مِن أَهْلِ الجَنَّة ؟فَقُلت : بلَى ، قَالَ : هذِهِ المْرأَةُ السوْداءُ أَتَت النبيَّ صلّى االلهُ عَلَيْهِ وسَلَّم فقالَتْ : إِنِّي أُصْرَعُ ، وإِنِّي أَتَكَشَّفُ ،فَادْعُ اللَّه تعالى لِي قَالَ : » إِن شُئْتِ صَبَرْتِ ولك الْجنَّةُ، وإِنْ شِئْتِ دعَوْتُ اللَّه تَعالَى أَنْ يُعافِيَكِ « فقالتْ :أَصْبرُ ، فَقالت : إِنِّي أَتكشَّفُ ، فَادْعُ اللَّه أَنْ لا أَتكشَّفَ ، فَدَعَا لَهَا . متَّفقٌ عليْهِ

বাংলা

১১/৩৬। আত্বা ইবনু আবী রাবাহ থেকে বর্ণিত, তিনি বলেন, একদা ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ’আনহু আমাকে বললেন, ’আমি কি তোমাকে একটি জান্নাতী মহিলা দেখাব না!’ আমি বললাম, ’হ্যাঁ!’ তিনি বললেন, ’এই কৃষ্ণকায় মহিলাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে এসে বলল যে, আমার মৃগী রোগ আছে, আর সে কারণে আমার দেহ থেকে কাপড় সরে যায়। সুতরাং আপনি আমার জন্য দো’আ করুন।’ তিনি বললেন, ’’তুমি যদি চাও তাহলে সবর কর; এর বিনিময়ে তোমার জন্য জান্নাত রয়েছে। আর যদি চাও তাহলে আমি তোমার রোগ নিরাময়ের জন্য আল্লাহ তা’আলার নিকটে দো’আ করব।’’ স্ত্রীলোকটি বলল, ’আমি সবর করব।’ অতঃপর সে বলল, ’(রোগ উঠার সময়) আমার দেহ থেকে কাপড় সরে যায়, সুতরাং আপনি আল্লাহর কাছে দো’আ করুন, যেন আমার দেহ থেকে কাপড় সরে না যায়।’ ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য দো’আ করলেন।[1]

## English

(3) Chapter: Patience and Perseverance

'Ata' bin Abu Rabah reported:
Ibn 'Abbas (May Allah be pleased with them) asked him whether he would like that he should show him a woman who is from the people Jannah. When he replied that he certainly would, he said, "This black woman, who came to

the Prophet (ﷺ) and said, 'I suffer from epilepsy and during fits my body is exposed, so make supplication to Allah for me.' He (ﷺ) replied: 'If you wish you endure it patiently and you be rewarded with Jannah, or if you wish, I shall make supplication to Allah to cure you?' She said, 'I shall endure it.' Then she added: 'But my body is exposed, so pray to Allah that it may not happen.' He (Prophet (ﷺ)) then supplicated for her".

[Al-Bukhari and Muslim].

Commentary: While continuing medical treatment, one should not ignore his prayer to Allah because both have
importance and utility of their own.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫৬৫৩, তিরমিযী ২৪০০, আহমাদ ১২০৫৯, ১২১৮৫, ১৩৬০৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22339

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন